# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 05.07.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) অধ্যক্ষ আজ রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন ডেকেছেন। এদিকে, নতুন মোড় নিয়েছে উপ-নির্বাচন জয়ী দুই প্রার্থীর শপথ নিয়ে জটিলতা।

২) চুক্তি ভিত্তিক শিক্ষকদের অবসরের সময় এককালীন ভাতা বেড়ে হচ্ছে ৫ লক্ষ টাকা।

৩) ড্রাইভিং লাইসেন্স দেওয়া নিয়ে অনিয়ম রুখতে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নিচ্ছে।

৪) কলকাতা হাইকোর্ট রবীন্দ্র সরোবর এলাকায় ক্রিকেট লিগ বন্ধের নির্দেশ দিয়েছে। বন্ধ রাখতে হবে অনুশীলনও।

oooooooooooooooooooooo

বিধানসভা উপনির্বাচনে জয়ী ২ প্রার্থীর শপথ গ্রহণকে কেন্দ্র করে জটিলতা নতুন মোড় নিয়েছে। রাজ্যপাল সিভি আনন্দ বোস, সংবিধানের ১৮৮ ধারা অনুযায়ী বিধানসভার ডেপুটি স্পিকার আশিস বন্দ্যোপাধ্যায়কে এই দুই নির্বাচিত বিধায়ককে শপথ বাক্য পাঠ করানোর দায়িত্ব দিয়েছেন বলে গতকাল রাজভবনের এক্স হ্যান্ডেলে জানানো হয়। কিন্তু উপাধ্যক্ষ সেই দায়িত্ব গ্রহণ করতে অস্বীকার করেছেন। তিনি বলেছেন, স্পিকারের উপস্থিতিতে এই দায়িত্ব তিনি পালন করতে পারেন না।

( বাইট – আশিস বন্দ্যোপাধ্যায়)

এদিকে গতকালও দুই নির্বাচিত প্রার্থী, বরানগর বিধানসভা কেন্দ্রের সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলা কেন্দ্রের রেয়াত হোসেন সরকার শপথ গ্রহণ করানোর দাবিতে বিধানসভা ভবন চত্বরে আম্বেদকারের মূর্তির সামনে অবস্থানে বসেন।

অন্যদিকে, অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ বিধানসভার বিশেষ অধিবেশন ডেকেছেন। বিভিন্ন স্থায়ী কমিটির মেয়াদ বৃদ্ধি নিয়ে আলোচনা করতেই এই অধিবেশন বলে জানিয়েছেন তিনি। দুপুর দুটোয় বিশেষ অধিবেশন বসার আগে বেলা ১২-টায় বৈঠকে বসবে বিধানসভার কার্য উপদেষ্টা কমিটি।

এদিকে, বিজেপি দাবি করেছে, এতো কম সময়ের নোটিশে বিধানসভার অধিবেশন ডাকা ঠিক নয়। দলের বিধায়ক অগ্নি মিত্রা পাল বলেছেন এতো কম সময়ের নোটিশে সবাই, বিশেষ করে উত্তরবঙ্গের বিধায়করা অধিবেশনে যোগ দিতে পারবেন কিনা,  তাঁর জানা নেই। তিনি নিজেও থাকতে পারবেন না।

oooooooooooooooooooo

চুক্তি ভিত্তিক শিক্ষকদের অবসরের সময় এককালীন ভাতা বেড়ে হচ্ছে ৫ লক্ষ টাকা। প্যারা টিচার, অ্যাকাডেমিক সুপারভাইজার, উচ্চ-মাধ্যমিকে চুক্তি ভিত্তিক শিক্ষক এবং এস এস কে ও এম এস কে-র শিক্ষা কর্মীরা এই সুবিধা পাবেন বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু গতকাল এক্স হ্যান্ডেলে জানান। এই মর্মে বিজ্ঞপ্তিও জারি করেছে শিক্ষা দফতর। চলতি বছরের পয়লা এপ্রিল থেকে এই অবসর ভাতা বাড়ছে।

আশাকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী, ভিলেজ পুলিশ, সিভিক ভলান্টিয়ার ও হোমগার্ড ভলান্টিয়ারও এই সুবিধা পাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ড্রাইভিং লাইসেন্স দেওয়া নিয়ে অনিয়ম রুখতে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নিচ্ছে। এখন থেকে একমাত্র পরিবহন দফতরের নির্দিষ্ট পোর্টালে আবেদন জানিয়েই ড্রাইভিং লাইসেন্স পাওয়া যাবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্যের স্বীকৃত প্রায় সাড়ে পাঁচশ ড্রাইভিং স্কুল-কে ওই পোর্টালে যুক্ত করা হচ্ছে। যদি কেউ নতুন গাড়ি চালানো শিখে লাইসেন্স পাওয়ার আবেদন করতে চান, তবে তাঁকে পরিবহণ দফতরের এই পোর্টালে গিয়ে নিজের নাম নথিভুক্ত করতে হবে। সঙ্গে জানাতে হবে কোন সংস্থা থেকে তিনি গাড়ি চালানো শিখেছেন, ব্যক্তিগত কারণে না বাণিজ্যিক কারণে, আবেদনের সময় তাও উল্লেখ করতে হবে। সরকারের স্বীকৃত নয় এমন কোনও প্রশিক্ষণ কেন্দ্র থেকে গাড়ি চালানো শিখলে লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে সেটা গ্রহণযোগ্য হবে না। একাধিক মোটর ট্রেনিং স্কুলের বিরুদ্ধে নিয়ম ভেঙে ড্রাইভিং লাইসেন্স দেওয়ার অভিযোগ ওঠায় এই পদক্ষেপ বলে পরিবহণ সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

তিনটি নতুন ফৌজদারি আইন - ন্যায় সংহিতা, নাগরিক সুরক্ষা সংহিতা এবং সাক্ষ্য অধিনিয়মে প্রমাণ সংগ্রহ ও সাক্ষ্য গ্রহণে বিশেষ গুরুত্ব পেয়েছে ডিজিটাল সহ নয়া প্রযুক্তি। এরফলে তদন্ত এবং বিচার প্রক্রিয়ার অনেক সুবিধা হবে বলে মনে করেন, সাইবার বিশেষজ্ঞ, আইনজীবী বিভাস চট্টোপাধ্যায়। আকাশবাণীকে তিনি জানালেন, আরও আগে এই আইন এলে ভালো হতো।

(বাইট – বিভাস)

০০০০০০০০০০০০০০০০০০০০

দেশে পয়লা জুলাই থেকে বলবত হওয়া নতুন তিনটি ফৌজদারী আইনের জনমুখী বিভিন্ন দিক নিয়ে আজ শুনবেন, আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা। ওয়েস্টবেঙ্গল ন্যাশনাল ইউনির্ভাসিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেসের অধ্যাপক সূর্যকান্ত বালাধিকারির সঙ্গে কথা বলবেন, শঙ্কর মুখোপাধ্যায়। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে ন-টায় গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টস প্রচার তরঙ্গে, এবং ডিটিএইচ বাংলা পরিষেবায়। আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও শোনা যাবে এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০

রবীন্দ্রসরোবর এলাকায় ক্রিকেট লিগ বন্ধের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চের নির্দেশ, আপাতত ওই এলাকায় সেলিব্রেটি ক্রিকেট লিগের আয়োজন করা যাবে না। এমনকি সেখানে অনুশীলন করতে পারবেন না ক্রিকেটাররাও। গতকাল এনিয়ে জনস্বার্থ মামলার শুনানিতে রাজ্যের কাছে হলফনামা চেয়েছেন ডিভিশন বেঞ্চ।

রবীন্দ্র সরোবরের ৯৮ কাঠা জমি ক্রিকেট অনুশীলনের জন্য একটি সংস্থাকে ব্যবহার করার অনুমতি দেয় কেএমডিএ। গাছ কাটার অভিযোগও ওঠে। এর ফলে পরিবেশ নষ্ট হওয়ার অভিযোগ তুলে জনস্বার্থ মামলা দায়ের করে সবুজ মঞ্চ। আগামী ২৫ শে জুলাই মামলার পরবর্তী শুনানি।

oooooooooooooooooooooo

বর্ষা শুরু হতে না হতেই রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা উর্ধমুখী। স্বাস্থ্য দফতর সূত্রে জানা গিয়েছে, বাংলায় চলতি বছরে এ পর্যন্ত মোট ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ১৩-শো ছাড়িয়েছে । এপ্রিল মাস পর্যন্ত এই সংখ্যা ছিল ৬৭৪। স্বাস্থ্য দফতরের তথ্য অনুযায়ী, এক সপ্তাহে আক্রান্ত হয়েছেন ১২৯ জন।

উত্তর ২৪ পরগনা, মালদা, মুর্শিদাবাদ, হুগলি এবং কলকাতায় আক্রান্তের সংখ্যা সবচেয়ে বেশি। এই পাঁচ জেলাতেই আক্রান্তের সংখ্যা একশো ছাড়িয়েছে। শীর্ষে থাকা উত্তর ২৪ পরগনায় ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন ১৭৬ জন। দ্বিতীয় স্থানে রয়েছে মালদা। আক্রান্তের সংখ্যা ১৭৪। এছাড়া, মুর্শিদাবাদে ১৫৩ এবং কলকাতায় এখনও পর্যন্ত ১১৩ জন আক্রান্ত হয়েছেন।

ooooooooooooooooooooo

প্রায় ৩ বছর রাজ্যে ফের দেখা দিল কলেরার আতঙ্ক। বিধাননগর পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের অধীন বাগুইআটির জ্যাংরা এলাকার বাসিন্দা, ৩৫ বছরের প্রবীর সেন কলেরার সংক্রমণ নিয়ে সোমবার ভোররাতে বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি হন। সুস্থ হয়ে ওঠায় বুধবার তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। প্রবীরের মলের নমুনা পরীক্ষায় ভিব্রিও কলেরি ব্যাক্টেরিয়ার অস্তিত্ব ধরা

পড়েছে। এরই মধ্যে বমি, পেটে ব্যথা ও প্রবল ডায়েরিয়ার উপসর্গ নিয়ে গতকাল ঐ হাসপাতালে ভর্তি হয়েছেন প্রবীরের মা সরস্বতী সেন। ইতমধ্যেই তাঁদের আবাসনে গিয়ে জলের নমুনা সংগ্রহ করেছেন স্বাস্থ্য আধিকারিকরা। বেলেঘাটা আইডি সূত্রে জানা গিয়েছে, গত দেড় মাসে সেখানে প্রায় ৫০ জন কলেরা রোগীর চিকিৎসা হয়েছে। আক্রান্তদের অধিকাংশেরই বয়স ১৫ থেকে ৩০ বছরের মধ্যে। এ নিয়ে আতঙ্কিত না হওয়ার পরিমর্শ দিয়েছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা। প্রত্যেকেরই সংক্রমণের মাত্রা ছিল মৃদু থেকে মাঝারি ধরনের। তিন থেকে চারদিনের মধ্যে সবাই সুস্থ হয়ে বাড়ি ফিরে গিয়েছেন।

oooooooooooooooooooo

কলকাতার একটি বেসরকারী হাসপাতালে চিকিৎসাধীন মুকুল রায়ের শারীরিক অবস্থা সংকটনজনক হলেও স্হিতিশীল। গত বুধবার বাড়িতে পড়ে গিয়ে মাথায় চোট পেয়েছিলেন তিনি। হাসপাতাল সূত্রে জানানো হয়েছে, গতকাল অস্ত্রপোচার করে জমাট বাধা রক্ত বের করা হয়। তাকে রাখা হয়েছে ভেন্টিলেশনে। বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ বর্ষীয়ান এই নেতাকে দেখতে গতকাল হাসপাতালে যান।

ooooooooooooooooooooo

বর্ধমান–১ ব্লকের বিডিও তথা পঞ্চায়েত সমিতির এগজ়িকিউটিভ অফিসার রজনীশকুমার যাদবকে পঞ্চায়েত সমিতির অফিসেই ঘটা করে ‘আইবুড়ো ভাত খাওয়ানোর ঘটনায় বিতর্ক শুরু হয়েছে। অনুষ্ঠানের আয়োজন করেছিলেন সমিতির কর্তারা। ফুল, মালা, চন্দনের ফোঁটা দিয়ে বরণ করা হয় বিডিওকে। বাজানো হয় শাঁখ। গোটা কর্মকান্ডের তত্ত্বাবধানে ছিলেন ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা বর্ধমান উন্নয়ন পর্ষদের চেয়ারপার্সন কাকলি তা গুপ্ত। উপস্থিত ছিলেন দলের ব্লক যুব সভাপতি মানস ভট্টাচার্য। বিডিওকে নেত্রীর পায়ে হাত দিয়ে প্রণাম করতেও দেখা

যায়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সেই ছবি সমাজ মাধ্যমে পোস্ট করেন। বিরোধীরা একে নজিরবিহীন আখ্যা দিয়ে কড়া সমালোচনা করেছেন।

অন্যদিকে কাকলি তা গুপ্ত বলেছেন, মাস তিনেক আগে এসে ওই বিডিও কাজের মাধ্যমে সবার মন জয় করে নিয়েছেন। সেকারণেই এই আয়োজন। তবে তা অফিসে করা হয় নি।

oooooooooooooooooooo

শিলিগুড়ির ফাঁসিদেওয়া থানা এলাকায় হরদিগঞ্জে ডাইনি অপবাদে ধারালো অস্ত্র দিয়ে মারধরের জেরে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। এই ঘটনায় পুলিশ গ্রেফতার করেছে তিনজনকে। জানা গেছে, গতমাসে মহিলার স্বামী মারা গেলে শ্বশুরবাড়ির লোকজন মহিলাকে ডাইনি অপবাদ দিয়ে বেধড়ক মারধর করে। এরপর গুরুতর জখম অবস্থায় তাঁকে ভাই এর বাড়ি রেখে আসা হয়। তিনদিন পর উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে। বুধবার রাতে ওই গৃহবধূর মৃত্যু হলে শ্বশুরবাড়ির সদস্যদের বিরুদ্ধে খুনের অভিযোগ দায়ের করেন তাঁর ভাই। তার ভিত্তিতে মহিলার দুই ননদ সহ তিনজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। অভিযুক্ত আরও দুজন পলাতক। তাদের খোঁজে তল্লাশি চলছে।

oooooooooooooooooooo

বর্ধমানের তেলিপুকুর এলাকা থেকে বালি বোঝাই ৫টি ট্রাক ও একটি ডাম্পার বাজেয়াপ্ত করেছে পুলিস। বালি পাচারে জড়িত থাকার অভিযোগে ট্রাক্টর ও ডাম্পারের চালকদের গ্রেপ্তার করা হয়েছে। বুধবার রাতে বর্ধমান-আরামবাগ রোড ধরে খণ্ডঘোষের দিক থেকে যাওয়ার সময় তেলিপুকুর মোড়ের কাছে পুলিস গাড়িগুলিকে আটকায়। চালকরা বালির বৈধ কোনও কাগজপত্র দেখাতে পারেনি। খণ্ডঘোষ থানা এলাকায় দামোদর থেকে

অবৈধভাবে বালি তুলে তা চড়া দামে বিক্রির জন্য কলকাতায় নিয়ে যাওয়া হচ্ছিল বলে ধৃতরা জিজ্ঞাসাবাদে জানিয়েছে। বর্ধমান সিজেএম আদালতে গতকাল তাদের পেশ করা হলে ২ দিনের পুলিসি হেফাজতে পাঠানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০

সামান্য বৃষ্টিতেই ভাঙলো পুরুলিয়ার মানবাজার স্টেডিয়ামের নির্মীয়মাণ ড্রেন। মানবাজার-১ নং ব্লকের মাঠে ২ বছরেরও বেশি সময় ধরে তৈরি হচ্ছে স্টেডিয়াম। গত ২৭ শে ফেব্রুয়ারী পুরুলিয়ার প্রশাসনিক সভা থেকে বিভিন্ন প্রকল্পের উদ্বোধনের পাশাপাশি এই স্টেডিয়ামটিরও ভার্চুয়ালি উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। এবার সেখানকার ড্রেনের হাল দেখে কাজের মান নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। ড্রেন ভাঙার খবর পেয়ে ঘটনাস্থলে যান বিডিও দেবাশীষ ধর ও মানবাজার-১ নং পঞ্চায়েত সমিতির সভাপতি সবিতা মুদি। বিজেপির অভিযোগ, নিম্নমানের সামগ্রী দিয়ে ড্রেন তৈরি এবং কাটমানি নেওয়ার ফলেই এই অবস্থা।

০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের ফরাক্কায় এনটিপিসির কয়লা বহনের নিজস্ব রেল যোগাযোগ ব্যবস্থাপনার এমজিআর ওয়ার্কশপে দুর্ঘটনায় ৫ ঠিকা শ্রমিক জখম হয়েছেন। তিনজনের অবস্থা গুরুতর। এনটিপিসি সূত্রে জানা যায়, গতকাল সকাল সাড়ে দশটা নাগাদ ওয়ার্কশপে একটি রেল ইঞ্জিনের রক্ষণাবেক্ষণের কাজ চলার সময় ইঞ্জিনের মোবিল চেম্বার হঠাৎ ফেটে যায়। পাঁচ জনের গায়ে ছিটকে পড়ে গরম ইঞ্জিন অয়েল। দ্রুত তাদের এনটিপিসি হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক দুজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেন। তিনজনকে আশঙ্কাজনক অবস্থায় মালদা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

OOOOOOOOOOOOOOOOOOOOOOOOOO